

ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সমুদ্র মহড়ায় অংশ নিতে নৌবাহিনী যুদ্ধজাহাজ সমুদ্র অভিযান এর চট্টগ্রাম ত্যাগ

ইন্দোনেশিয়ার লম্বক দ্বীপে এ বাংলাদেশ সমুদ্র মহড়া “3rd Multilateral Naval Exercise Komodo (MNEK-2018)” তে অংশ নিতে নৌবাহিনী যুদ্ধজাহাজ সমুদ্র অভিযান বুধবার (১৮-০৪-২০১৮) সকালে চট্টগ্রাম নৌ জেটি ত্যাগ করে। এসময় কমান্ডার বিএন ফ্লিট রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এমফডব্লিউসি, পিএসসিসহ স্থানীয় উচ্চপদস্থ নৌ কর্মকর্তা এবং জাহাজে গমনকারী কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।



ইন্দোনেশিয়ার লম্বক দ্বীপে আগামী ৪ হতে ৯ মে ২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সমুদ্র মহড়ায় অংশ নিতে নৌবাহিনী যুদ্ধজাহাজ সমুদ্র অভিযান আজ বুধবার (১৮-০৪-২০১৮) সকালে চট্টগ্রাম নৌ জেটি ত্যাগ করে।
ছবি: আইসিপিআর

সফরের অংশ হিসেবে জাহাজটি আগামী ৪ হতে ৯ মে ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সমুদ্র মহড়া “3rd Multilateral Naval Exercise Komodo (MNEK-2018)” এর বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করবে। জাহাজটি যাত্রাপথে আগামী ২৪ হতে ২৭ এপ্রিল মালয়েশিয়ার পোর্ট ক্লাং-এ এবং দেশে ফেরার পথে ১৬ হতে ২০ মে থাইল্যান্ডের ফুকেট বন্দরে শুভেচ্ছা সফরে গমন করবে। জাহাজের অধিনায়ক ক্যাপ্টেন এম মনিরুজ্জামান এর নেতৃত্বে প্রক্ষিণার্থী কর্মকর্তাসহ মোট ২৬৯ জন সদস্য এই সফরে অংশ নিচ্ছেন। নৌবাহিনী জাহাজের এ ধরনের মহড়ায় অংশগ্রহণ প্রক্ষিণার্থী কর্মকর্তা ও নাবিকদের পেশাগত মান উন্নয়নের পাশাপাশি বহিঃবিশ্বে দেশের সুনাম বৃদ্ধি করতে সক্ষম হবে। তাছাড়া এ সফর মহড়ায় অংশগ্রহণকারী দেশসমূহের সাথে সামরিক সুসম্পর্ক জোরদার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়। সফর শেষে জাহাজটি আগামী ২৫ মে ২০১৮ তারিখে দেশে প্রত্যাবর্তন করবে।